Synopsis of Proposed Thesis

যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্যের ভুবন

YOGENDRANATH GUPTER KISHOR SAHITYER BHUBAN

2025

Researcher

SHASWATI SENGUPTA
M.A., JRF NET

Under the Supervision & Guidance of

Dr. Goutam Mukherjee

Assistant Professor
Department of Bengali
Ranchi University, Ranchi

বাংলা সাহিত্যের একজন অন্যতম প্রথিতযশা সাহিত্যিক হলেন যোগেন্দ্রনাথ গুপ্ত।তিনি একাধারে সাহিত্যিক ও ইতিহাস মনস্ক গবেষকও বটে।তাঁর রচিত কিশোর সাহিত্য সম্ভার বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ বিশেষ।বর্তমানে যোগেন্দ্রনাথ গুপ্ত একটি বিস্মৃত প্রায় নাম,অথচ বাংলা কিশোর সাহিত্যে এই মানুষটির দান যে অপরিসীম সে কথা বলাই বাহুল্য মাত্র।

২২ শে মার্চ ১৮৮৩ সালে অবিভক্ত বাংলার (অধুনা বাংলাদেশ) বিক্রমপুরের টঙ্গী বাড়ির মূলচর গ্রামে যোগেন্দ্রনাথ গুপ্ত জন্মগ্রহণ করেন।তার পিতার নাম মহেন্দ্রচন্দ্র গুপ্ত,মাতা মোক্ষদাসুন্দরী দেবী।তিনি অল্প বয়সেই সাহিত্যচর্চা শুরু করেন।ছাত্রবৃত্তি পাশ করে দারিদ্রতার কারণে প্রথমে তিনি স্কুলে শিক্ষকতা করেন এবং পরে ময়মনসিংহের জমিদারির চাকরিতে যোগ দেন।পরবর্তীতে তিনি ঢাকা জগন্নাথ কলেজের অধ্যাপক পদে যোগ দেন।তিনি প্রায় শতাধিকেরও বেশি গ্রন্থ রচনা করেন। ইতিহাস ও সাহিত্যের বিভিন্ন বিভাগে তাঁর গবেষণামূলক অবদান বিশেষভাবে স্মরণীয়।তবে বাংলা কিশোর সাহিত্যে তাঁর অবদান প্রশংসাতীত।

বাংলা সাহিত্যে কিশোর সাহিত্যিক যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্য নিয়ে খুব বেশি আলোচনা হয়নি।প্রকৃতপক্ষে বৃহত্তর পরিসরে তাঁর লেখা কিশোর সাহিত্য নিয়ে গবেষণামূলক কাজ বা তাত্ত্বিক ব্যাখ্যা সেরকম অর্থে নেই।তাঁর কিশোর সাহিত্য নিয়ে আংশিক বা ক্ষেত্রবিশেষে সামগ্রিক আলোচনা সীমিতভাবেই বর্ণিত হয়েছে।তাঁর লেখা সম্পর্কিত পূর্ববর্তী আলোচনার পরিসর খুবই সংক্ষিপ্ত।তাই এক্ষেত্রে আমার প্রস্তাবিত গবেষণা কর্মের বিষয়টি যথেষ্টই অভিনব।শুধুমাত্র যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্য সম্ভারের উপর ভিত্তি করে সুচিন্তিত ও পূর্ণাঙ্গ এই গবেষণা প্রকল্পে পূর্বের আলোচনাগুলি থেকে ভিন্ন মাত্রায় অলোচনাটির মূল কাঠামোটি নির্ধারণ করা হয়েছে।

যোগেন্দ্রনাথ গুপ্ত কিশোরদের জন্য বহুবিধ গ্রন্থ রচনা করেছেন।তিনি কিশোর সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে তাঁর নিজস্বতার ছাপ রেখেছেন।কিশোরদের জন্য তিনি ডাকাতের গল্প, ইতিহাস বিষয়ক রচনা,অ্যাডভেঞ্চারধর্মী রচনা,পত্রিকা সম্পাদনা ও বিশ্বকোষ রচনা করেছেন। তাঁর বৈচিত্র্যময় কিশোর সাহিত্যের বিস্তৃত বিবরণের কয়েকটি বিশিষ্ট দিক পরিস্ফুট হয়েছে।যথা-যোগেন্দ্রনাথের লেখায় বাস্তব অভিজ্ঞতা লব্ধ কিশোর সাহিত্য সম্ভারের স্বরূপ চিহ্নিত করা, বর্তমানের সাপেক্ষে তাঁর রচিত কিশোরদের বিশ্বকোষের গুরুত্ব অনুধাবন করা, লেখকের ঐতিহাসিক গবেষণা সম্পৃক্ত গ্রন্থগুলিকে নতুন দৃষ্টিকোণ থেকে বিচার করা এবং তাঁর রচিত গ্রন্থগুলির তৎকালীন প্রেক্ষাপট ও ঘটনাবলির সত্যাসত্য নিরূপণ করা।সর্বোপরি,বাংলা কিশোর সাহিত্যের ইতিহাসে যোগেন্দ্রনাথ গুপ্তের স্থানটি নির্দিষ্ট করা।

কিশোর সাহিত্য কথাটির মাধ্যমে বিশেষ একটি শ্রেণির পাঠককে চিহ্নিত করা হয়।এই ধরনের সাহিত্যের মূল লক্ষ্য কিশোরেরা হলেও বাস্তবে কিন্তু পরিণত বয়সের পাঠকও এর রসে মুগ্ধ হন। মূলত যোগেন্দ্রনাথের রচনার পরতে পরতে বাংলা কিশোর সাহিত্যের যে পরিচয় আমরা পাই তাতে সত্যিই আমাদের বিস্ময়ে মুগ্ধ হতে হয়।

অবশ্য কিশোর সাহিত্যে তাঁর শ্রেষ্ঠ কীর্তি 'শিশুভারতী' নামে ছেলেদের বিশ্বকোষ রচনা।বহু খ্যাতনামা লেখক,বিশেষজ্ঞ ও বৈজ্ঞানিক সুবিশাল এই গ্রন্থকে তাঁদের লেখনী স্পর্শে সমৃদ্ধ করেছেন।এই গ্রন্থটি তাঁর সাহিত্য সম্ভারের একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত। 'শিশু ভারতী' গ্রন্থটিকে তিনি ১১ টি খন্ডে সম্পাদনা করেন।কিশোরদের উপযোগী এই বিশ্বকোষের সূচনা হয় ১৯২৪ সালে এবং এর শেষ খণ্ড প্রকাশিত হয় ১৯৪৮ সালে।পরবর্তীকালে দীর্ঘ ব্যবধানের পর ১৯৬৩ সালে এই গ্রন্থের সংযোজনী খন্ড বা একাদশতম খন্ড প্রকাশিত হয়।বৃহদায়তন এই গ্রন্থটি ইউনেস্কোরও স্বীকৃতি লাভ করেছিল।

এছাড়াও তিনি 'কৈশোরক' (১৯৩৭) নামে কিশোরদের উপযোগী একটি মাসিক পত্রিকাও সম্পাদনা করেন।১৯৩৭-১৯৪৯ খ্রিস্টাব্দ পর্যন্ত একটানা বারো বছর পত্রিকাটি চলেছিল।স্বয়ং রবীন্দ্রনাথ এই পত্রিকার নামকরণ করেন 'কৈশোরক' ।

যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্য সম্ভারে ঐতিহাসিক বিবরণ সমৃদ্ধ গ্রন্থগুলি অমূল্য সম্পদ বিশেষ।এই জাতীয় গ্রন্থে সহজ ভাষায় কিশোরদের উপযোগী ভারত বা বাংলার ইতিহাস তথা বীরত্ব গাথা সম্পর্কিত আলোচনা লেখক মুন্সিয়ানার সঙ্গে তুলে ধরেছেন।

যোগেন্দ্রনাথ গুপ্তের 'বাংলার ডাকাত' বিশ শতকের দ্বিতীয়ার্ধের একটি উল্লেখযোগ্য রচনা। গল্পকার হিসেবে এটি তাঁর শ্রেষ্ঠ সৃষ্টি।এছাড়াও,তাঁর অনুবাদমূলক গল্পগুলিও স্বতন্ত্র বৈশিষ্ট্য সম্পন্ন।তাঁর লেখা গল্পগুলির প্রেক্ষাপট,বিষয়বস্তু ও লেখকের মনোভাব সহজেই পাঠক তথা শ্রোতার মনে দাগ কাটে। যোগেন্দ্রনাথ গুপ্তের অ্যাডভেঞ্চারধর্মী গ্রন্থগুলির বিষয়বস্তুর বর্নণা,লেখকের মনোভাব ও রোমাঞ্চকর

অভিজ্ঞতার বিবরণ আমাদের যথার্থই বিস্মিত করে।এ প্রসঙ্গে তাঁর একটি উল্লেখযোগ্য সত্যমূলক অ্যাডভেঞ্চারধর্মী গ্রন্থ হল 'হিমালয় অভিযান' ।এই গ্রন্থে ভারতীয় অভিযাত্রীদের দুঃসাহসিকতার কথা বর্ণিত হয়েছে।

কিশোরদের মনোজগৎ সম্পূর্ণ ভিন্ন।যোগেন্দ্রনাথও এই ভিন্নতার কথা মাথায় রেখে কিশোরদের জন্য অনাবিল আনন্দ ও জাগতিক শিক্ষার এক বৈচিত্র্যময় সাহিত্য সম্ভার রচনা করেছেন।এই বিশিষ্টতার দিকটি তাঁর রচনাকে সত্যিই অভিনব ও কালোত্তীর্ণ করে তুলেছে। যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্য ভুবন বৈচিত্র্যময় হলেও অত্যন্ত সহজ-সরল ভাষায় রচিত।তাই বিশ্বকোষ বা ইতিহাসের নিরস তথ্যও তাঁর লেখনী স্পর্শে বাঙ্ময় হয়ে ওঠে।যোগেন্দ্রনাথের রচনায় অনুবাদের ধরন,ভাষা ও চিত্রকল্পের ব্যবহারও তাঁর উপস্থাপন গুণে অতুলনীয় হয়ে উঠেছে।

পরিশেষে একথা বলা যায় প্রস্তাবিত এই গবেষণা প্রকল্পে যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্য ভুবনের সামগ্রিক আলোচনার মাধ্যমে বাংলার আপামর কিশোর-কিশোরীদের জন্য তিনি কী ধরনের গ্রন্থ উপহার দিয়েছেন,তাঁর রচনার বৈশিষ্ট্য,বর্তমানে তাঁকে নিয়ে গবেষণার প্রয়োজনীয়তা ও কিশোর সাহিত্যে তাঁর অবদান নিয়ে আলোকপাত করে বিশিষ্টতা নিরূপণের প্রয়াস করা হয়েছে।

সর্বোপরি প্রস্তাবিত এই গবেষণা অভিসন্দর্ভে ভূমিকা ও উপসংহার বাদে আটটি অধ্যায় জুড়ে যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্য ভুবনের সামগ্রিক পরিচয় দান করা হয়েছে।ছোটদের মনের মতো করে তিনি কিশোর-কিশোরীদের জন্য যে সব গ্রন্থ রচনা করেছেন তাঁর যথাযথ মূল্যায়ন কোনদিন হয়নি।তাঁর গ্রন্থগুলির ঠাঁই হয়েছে গ্রন্থাগারের ধূলিমলিন কোণে।তাই প্রায় অবহেলিত হলেও ছোটবেলার আমার এই ভালো লাগার বিষয়টির গবেষণার দ্বারা যথার্থ মূল্যায়ন কিছুটা হলেও সম্ভবপর হলে আমার এই ক্ষুদ্র প্রচেষ্টা সার্থক হবে বলে মনে করব।

অধ্যায় পরিকল্পনা :

প্রথম অধ্যায়ঃ কিশোর সাহিত্যঃসাধারণ পরিচয়।

দ্বিতীয় অধ্যায়ঃ যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্যঃবিষয় বৈচিত্র্যের নিরিখে।

তৃতীয় অধ্যায়ঃ যোগেন্দ্রনাথ গুপ্তঃপত্রিকা সম্পাদক ও বিশ্বকোষ রচয়িতা।

চতুর্থ অধ্যায়ঃ যোগেন্দ্রনাথ গুপ্তের ইতিহাস বিষয়ক রচনায় ইতিহাস প্রসঙ্গ।

পঞ্চম অধ্যায়ঃ যোগেন্দ্রনাথ গুপ্তের গল্পকার সত্তা।

ষষ্ঠ অধ্যায়ঃ যোগেন্দ্রনাথ গুপ্তের অভিযান তথা অ্যাডভেঞ্চারধর্মী রচনা।

সপ্তম অধ্যায়ঃ যোগেন্দ্রনাথ গুপ্তের রচনায় কিশোরেরা ও কৈশোরকাল।

অষ্টম অধ্যায়ঃ যোগেন্দ্রনাথ গুপ্তের কিশোর সাহিত্যঃনির্মাণ শিল্পের নিরিখে।

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ:-

১.গুপ্ত যোগেন্দ্রনাথ,ব্রিটিশ ভারত,শিশির পাবলিশিং হাউস

২.গুপ্ত যোগেন্দ্রনাথ,বিক্রমপুরের ইতিহাস,প্রভা প্রকাশনী

৩.গুপ্ত যোগেন্দ্রনাথ,বাংলার ডাকাত,দ্বিতীয় খন্ড,শৈব্যা পুস্তকালয়

৪.গুপ্ত যোগেন্দ্রনাথ,যাদুপুরী,ইন্ডিয়ান পাবলিশিং হাউস

৫.গুপ্ত যোগেন্দ্রনাথ,নীলনদের দেশে,ইন্ডিয়ান পাবলিশিং হাউস

৬.গুপ্ত যোগেন্দ্রনাথ,অজানা দেশে,দেব সাহিত্য কুটীর

৭.গুপ্ত যোগেন্দ্রনাথ,তাল বেতাল,দেব সাহিত্য কুটীর

৮.গুপ্ত যোগেন্দ্রনাথ,সাহারার বুকে,ইন্ডিয়ান পাবলিশিং হাউস

সহায়ক গ্রন্থ:-

১.গঙ্গোপাধ্যায় আশা,বাংলা শিশুসাহিত্যের ক্রমবিকাশ(১৮০০-১৯০০),ডি.এম.লাইব্রেরী

২.গোস্বামী ভট্টাচার্য মহুয়া,বাংলা শিশু-কিশোর সাহিত্যের ইতিহাস ও বিবর্তন(১৯৫০-২০০০),পত্রলেখা

৩.বন্দ্যোপাধ্যায় দেবীপ্রসাদ,বাংলা কিশোর সাহিত্যের ইতিহাস,দি সী বুক এজেন্সি

৪.মুখোপাধ্যায় জগমোহন,গবেষণাপত্র অনুসন্ধান ও রচনা,আনন্দ পাবলিশার্স

পত্র-পত্রিকা:

১.গুপ্ত যোগেন্দ্রনাথ সম্পাদিত,শিশুভারতী,চতুর্থ খন্ড

২.গুপ্ত যোগেন্দ্রনাথ সম্পাদিত,কৈশোরক,প্রথম বর্ষ প্রথম সংখ্যা,বৈশাখ ১৩৪৪

****